তারিখ ... 04 AUG 2016
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 1-6 ......

দৈনিক জনকণ্ঠ

# ধানমণ্ডিতে অভিযানে দু'টি স্কুল উচ্ছেদ

**বিডিনিউজ।** রাজধানীর ধানমণ্ডিতে অভিযান চালিয়ে দু'টি স্কুল বন্ধ করে দিয়েছে রাজউকের ভ্রাম্যমাণ আদালত। ১৫ দিন সময় বেঁধে দেয়া হয়েছে অপর একটি স্কুলকে।

বুধবার বিকেল ৩টা পর্যন্ত চলা এ অভিযানে স্কুল উচ্ছেদের বাইরে তিনটি দোকান, একটি ফ্যাশন হাউস এবং একটি গাড়ি বিক্রয়কেন্দ্র উচ্ছেদ করা হয়েছে। সরেজমিনে দেখা যায়, ধানমণ্ডির ৬/এ নম্বর সড়কের ৫৪ নম্বরের তিনতলা একটি বাড়িতে সানিডেল স্কুলের নতুন শাখা খোলার কাজ চলছিল।

বেলা ১১টার দিকে সেখানে অভিযান চালিয়ে ভবনটির গ্যাস ও বিদ্যুত সংযোগ বিচ্ছিন্ন করে দেয় ভ্রাম্যমাণ আদালত। ওই প্লটেরই আরেকটি ভবনে চলা 'আর্থ হাউস' নামে স্কুলের কার্যক্রম বন্ধের জন্য ১৫ দিন সময় দেয়া হয়েছে। ৫৪ নম্বর বাড়ির মালিক সাব্বির সানিডেল স্কুল কর্তৃপক্ষকে তার ভবনটি ভাড়া দিলেও অপর ভবনে নিজেই আর্থ হাউস নামে স্কুল পরিচালনা করছিলেন। তিনি বলেন, সানিডেল স্কুলের মালপত্র সরিয়ে নেয়ার জন্য ১৫ দিন সময় দিয়েছি। আমাদের স্কুলটাও অন্যত্র সরিয়ে নেয়ার চেষ্টা করছি। এর পরপরই ৭/এ নম্বর সড়কের ৫৯/৩ নম্বর বাড়ি এবং ৬/এ নম্বর সড়কের ৪৬ নম্বর বাড়িতে থাকা তিনটি অনুমোদনহীন দোকান গুঁড়িয়ে দেয় রাজউক।

এছাড়া একই সড়কের ৭৪ নম্বর বাড়িতে সাউথ ব্রিজ স্কুলের নতুন শাখা খোলার কাজও বন্ধ করে দেয় ভ্রাম্যমাণ আদালত। সেই সঙ্গে বিচ্ছিন্ন করে দেয়া হয় গ্যাস ও বিদ্যুত সংযোগ।